

বাস্তবায়িত/বাস্তবায়নাধীন নদীতীর সংরক্ষণ কাজ, ড্রেজিং কাজ, খাল পুনঃখনন কাজ বাস্তবায়নের সুফল/উপকারীতা নিম্নরূপ:

নদী তীর সংরক্ষণ ও নদী ড্রেজিং কাজের উপকারীতা/সুফল:

- নদীর তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের মাধ্যমে এলাকায় অবস্থিত ঘর-বাড়ি, রাস্তা-ঘাট, হাট-বাজার, ফসলী জমিসহ সরকারি-বেসরকারি বিভিন্ন স্থাপনা/সম্পদ নদী ভাঙ্গন হতে রক্ষা পেয়েছে;
- প্রকল্প এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষা;
- নদী ড্রেজিং এর মাধ্যমে নদীর প্রবাহ স্বাভাবিক ও মূল চ্যানেল বজায় রয়েছে;
- প্রকল্প এলাকার সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে এবং পর্যটন শিল্পের বিকাশ লাভ করেছে।

খাল পুনঃখননের উপকারীতা/সুফল:

- শরীয়তপুরের জেলার পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন হয়েছে; অর্থাৎ এলাকার বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন সাধিত হয়েছে;
- নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে শুকনো মৌসুমে চাষাবাদযোগ্য জমিতে খননকৃত খালের পানি সেচ কাজে ব্যবহৃত হচ্ছে;
- সেচ সুবিধা প্রদানের মাধ্যমে জেলার ফসল উৎপাদন বৃদ্ধি পেয়েছে; এবং
- মৎস্য সম্পদ উন্নয়নসহ পরবিশে ও জীববৈচিত্র্য রক্ষা পেয়েছে।
- সর্বোপরি খাল পুনঃখনন কাজ বাস্তবায়নে জেলার আর্থসামাজিক অবস্থার উন্নয়ন হয়েছে।

- *** শরীয়তপুর জেলার নড়িয়া উপজেলার পদ্মা শাখা নদীর ডান তীরের ভাঙ্গন হতে নওয়াপাড়া এলাকা এবং পদ্মানদীর বাম তীরের ভাংগন হতে চরআত্রা এলাকা রক্ষা শীর্ষক প্রকল্পের আওতায় চরআত্রা এলাকায় স্বাধীন বাংলা এভিনিউ স্থাপন করা হয়েছে।
- *** শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলায় পদ্মা নদীর ভাঙ্গনরোধ কল্পে তীরসংরক্ষণ শীর্ষক প্রকল্পের আওতায় ভেদরগঞ্জ উপজেলায় তারাবুনিয়া স্টেশন বাজার হতে গৌরাজ বাজার হয়ে ধুলারচর মনাই হাওলাদার বাজার পর্যন্ত এলাকা সোনার বাংলা এভিনিউ ঘোষণা করা হয়েছে।
- *** শরীয়তপুর জেলার জাজিরা ও নড়িয়া উপজেলায় পদ্মা নদীর ডান তীর রক্ষা প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় জাজিরা উপজেলার সফি কাজীর মোড় হতে নড়িয়া উপজেলার সুরেশ্বর এলাকা পর্যন্ত জয় বাংলা এভিনিউ ঘোষণা করা হয়েছে।
- *** “শরীয়তপুর জেলার জাজিরা উপজেলার পদ্মা নদীর ডান তীরের ভাঙ্গন হতে মাঝিরঘাট জিরো পয়েন্ট এলাকা রক্ষা শীর্ষক প্রকল্পের আওতায় জাজিরা উপজেলার মাঝিরঘাট জিরো পয়েন্ট হতে সফি কাজীর মোড় পর্যন্ত এলাকা রূপসী বাংলা এভিনিউ ঘোষণা করা হবে।

(এস.এম. আহসান হাবীব)
নির্বাহী প্রকৌশলী
শরীয়তপুর পওর বিভাগ
বাপাউবো, শরীয়তপুর।